গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৯.০০০০.১২.০০২.২০১৯(২)-১১৯ তারিখঃ ১৩ জুন ২০১৯

বিষয়ঃ বিআইডব্লিউটিসি কর্তৃক প্রস্তাবিত বিআইডব্লিউটিসি'র ৩৫টি বাণিজ্যিক জলযান ৮টি পন্টুন ও ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ শীর্ষক প্রকল্পের ১ম স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২১/০৫/১৯ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বিআইডব্লিউটিসি কর্তৃক প্রস্তাবিত "বিআইডব্লিউটিসি'র ৩৫ টির বাণিজ্যিক জলযান সংগ্রহ ও ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের ১ম স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো

সংযুক্তিঃ ০১ (এক) পৃষ্ঠা।

মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারি সচিব
ফোনঃ-৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। বিভাগ প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, ৩৫ টি বাণিজ্যিক জলযান , ৮ টি পন্টুন ও ২টি নতূন স্লিপওয়ে নির্মাণ'' শীর্ষক প্রকল্প, বিআইডব্লিউটিসি, ফেয়ারলীহাউজ, শাহবাগ, ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ"বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের ১ম স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সময় ও তারিখঃ | সকাল ১১.০০ ঘটিকা, ২১/০৫/২০১৯ ইং |
| স্থানঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতিঃ | পরিশিষ্ট"ক |

**২। আলোচনাঃ**

২.১. সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্য প্রকল্পটির বিষয়ে উপস্থাপনের জন্য যুগ্ম প্রধানকে অনুরোধ করেন। যুগ্ম প্রধান বলেন, ১৩১৯.৭১ লক্ষ টাকা (জিওবি ১২৫৩.৭২ লক্ষ+ নিজস্ব ৬৫.৯৯ লক্ষ) ব্যয়ে বিআইডব্লিউটিসি কর্তৃক জুলাই ২০১৮ হতে জুন, ২০২২ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির আওতায় ৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতুন স্লিপওয়ে (ডক নং-১ ও ডক নং-২) নির্মাণ করা হবে। এছাড়া প্রকল্পটির অধীনে বিআইডব্লিউটিসির ডক নং-১ ও ডক নং-২ এর ওয়ার্কশপ মেশিনারিজ, ক্রেন, সাবস্টেশন, ডিজেল জেনারেটর, ফর্ক লিফট ক্রয় / সংগ্রহ ও স্থাপন করা হবে। এই ক্রয়সমূহ সম্পন্ন করতে আনুষংগিক আরও বেশ কয়েকটি পণ্য ও সেবা (কনসালটেন্ট) ক্রয় করতে হবে।

২.২ বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান জানান, জাহাজের ড্রয়িং, ডিজাইন, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণের জন্য কনসালটেন্ট নিয়োগের প্রক্রিয়াকরণ চলছে। ইনডিভিজুয়াল কনসালটেন্ট নিয়োগের জন্য ৮ জনের নিকট হতে ডকুমেন্ট পাওয়া গেছে। জুন ২০১৯ এর মধ্যে কনসালটেন্ট নিয়োগ সম্পন্ন হবে। ইনডিভিজুয়াল কনসালটেন্ট নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা কি চাওয়া হয়েছে জানতে চাইলে মেরিন ব্যাকগ্রাউন্ড ও সরকারি ক্রয় সংক্রান্ত কাজে অভিজ্ঞতা প্রয়োজন মর্মে সভাকে জানানো হয়। জলযানের ডিজাইনের জন্য ডিজাইন হাউজের EOI আহবান করা হয়েছে। আশা করা যাচ্ছে, জুলাই এর ১ম সপ্তাহ নাগাদ ডিজাইন হাউজ সিলেকশান শেষ করা যাবে।

২.৩. বর্তমানে ফেরি স্বল্পতার কারণে জরুরি ভিত্তিতে ফেরি সংগ্রহের নিমিত্তে সংস্থার বিদ্যমান ফেরি ও সী-ট্রাকের অনুরূপ (Proven) ডিজাইন এর ৬ টি Improved কে-টাইপ ফেরি, ৬ টি Improved ইউটিলিটি টাইপ ফেরি ও ৮টি সী-ট্রাক নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এজন্য দরপত্র দলিল প্রস্তুতের কাজ চলছে। অনুমোদিত ডিপিপিতে Improved কে-টাইপ ফেরির মেইন ইঞ্জিন পাওয়ার (৯০০-১০০০)X২ BHP এবং গতি ১২.০০ নটিক্যাল মাইল উল্লেখ আছে। অথচ এই ধরণের ফেরি থ্রি এংগেল মেরিন লি: এ নির্মাণাধীন, এই ফেরিতে ইঞ্জিন ক্ষমতা ৬০০X২=১২০০ BHP এবং গতি ১০.০০ নটিক্যাল মাইল উল্লেখ আছে। আবার বিআইডব্লিউটিসি'র ড্যানিস রো রো ফেরিগুলিতে (৫০০-৫৫০) X২ BHP এবং গতি ১০.০০ নটিক্যাল মাইল বিদ্যমান আছে। একটি ফেরির Economical Speed ১০.০০ নটিক্যাল মাইল বা ১৮.৫২ কি.মি/ঘন্টা ধরা হয়ে থাকে। এর চেয়ে বেশী গতিতে আমাদের দেশের নদীতে চালানোর প্রয়োজন হয় না মর্মে বিআইডব্লিউটিসি'র প্রতিনিধি সভাকে জানান। সভাকে আরো জানানো হয় যে, "বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পটির অনুমোদিত ডিপিপিতে ইঞ্জিন পাওয়ার ও ফেরির গতি অধিক ধার্য্য করা হয়েছে যা প্রকারান্তে বিপুল জ্বালানী খরচ বাড়াবে। সুতরাং প্রস্তাবিত Improved কে-টাইপ ফেরির মেইন ইঞ্জিন পাওয়ার নুন্যতম ৭০০X২=১৪০০ BHP এবং ফেরির গতি Full loaded condition এ Economical Speed ১০.৫০ নটিক্যাল মাইল বা ১৯.৪৪৬ কি.মি/ঘন্টা রাখা যেতে পারে। ফেরী চলতে ৬০০X২=১২০০ BHP লাগবে তবে স্রোতের বিপরীত চলার জন্য ২০০ BHP অতিরিক্ত রাখা হয়েছে।

২.৪ অপর দিকে বিআইডব্লিউটিসি'র বিদ্যমান ইউটিলিটি ফেরিতে মেইন ইঞ্জিন পাওয়ার ৪৫০ BHP X২ এবং গতি ৯.৫০ নটিক্যাল মাইল বিদ্যমান আছে। কিন্তু প্রস্তাবিত প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে মেইন ইঞ্জিন পাওয়ার ৭০০X২=১৪০০ BHP এবং গতি ১২.০০ নটিক্যাল মাইল উল্লেখ আছে। যা বাস্তবে সম্ভব না, কারণ ফেরিগুলির ডিজাইন অনুযায়ী এগুলি ৯.০০ নটিক্যাল মাইল বা ১৬.৭০ কি.মি/ঘন্টা এর বেশী গতিতে চালানো সম্ভব হয় না। ৯.০০ নটিক্যাল মাইল এর চেয়ে বেশী গতিতে চালালে নদীতে প্রচন্ড ঢেউ তৈরী হয় এবং ফেরির ডেকে পানি উঠে আসে যা নিরাপদ না। ৭০০X২ BHP ইঞ্জিন স্থাপন করলে বিপুল জ্বালানী খরচ হবে। সুতরাং ইউটিলিটি ফেরিগুলির মেইন ইঞ্জিন পাওয়ার নুন্যতম ৪৫০X২=৯০০ BHP এবং গতি Full loaded condition এ Economical Speed ৯.৫০ নটিক্যাল মাইল বা ১৭.৫৯৪ কি.মি/ঘন্টা রাখা যেতে পারে।

২.৫. প্রস্তাবিত প্রকল্পের ডিপিপিতে সী ট্রাকের গতি ১৪ নটিক্যাল মাইল বা ২৬ কি.মি/ঘন্টা এবং ইঞ্জিন পাওয়ার ৭০০X২=১৪০০ BHP উল্লেখ করা হয়েছে। এত বেশী গতির সী ট্রাকে বিপুল পরিমান জ্বালানী খরচ হবে। বিআইডব্লিউটিসি'র বিদ্যমান সী ট্রাকের মেইন ইঞ্জিন পাওয়ার ৩০০X২ BHP এবং গতি ১০.০০ নটিক্যাল মাইল। নতুন প্রকল্পে প্রস্তাবিত সী ট্রাক ৩০০ যাত্রীবাহী সম্পন্ন কিন্তু ইঞ্জিন পাওয়ার দ্বিগুণেরও বেশী করা হয়েছে। সী ট্রাক গুলির গতি Full loaded condition এ Economical Speed ১২-১৩ নটিক্যাল মাইল বা ২২.২২ - ২৪.০৭ কি.মি/ঘন্টা এবং ইঞ্জিন পাওয়ার নুন্যতম ৫০০X২ BHP রাখা যেতে পারে।

২.৬. পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন, ডিপিপিটি তৈরির সময় ফিজিবিলিটি স্টাডি করা হয়েছে। ডিপিপিতে উল্লিখিত কে-টাইপ ফেরি, ইউটিলিটি টাইপ ফেরি ও সী ট্রাকের ইঞ্জিন পাওয়ার ও গতি কমিটি'র মাধ্যমে নির্ধারণ করা হয়েছে। এখন ইঞ্জিন পাওয়ার ও গতি কমাতে হলে নতুন টেকনিক্যাল কমিটি দ্বারা সুপারিশকৃত হতে হবে এবং ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে। অতিরিক্ত সচিব (মনিটরিং) জলপথে আধুনিক এবং স্পীডযুক্ত জলযান চালানো সময় ও ব্যয় সাশ্রয়ী মর্মে মতামত দেন। আইএমইডি'র প্রতিনিধি ডিপিপি'র সংস্থান অনুযায়ী জলযান তৈরির পক্ষে মতামত দেন। ডিপিপিতে উল্লিখিত ইঞ্জিন পাওয়ার ও গতি অনুযায়ী কে-টাইপ ফেরি, ইউটিলিটি টাইপ ফেরি ও সী ট্রাক তৈরির বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

৩. **সিদ্ধান্তসমূহঃ** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) বিআইডব্লিউটিসি'র জন্য "৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত স্পেসিফিকেশন অনুয়ায়ী জলযান তৈরি করতে হবে।

(খ) ভেসেল তৈরির নিমিত্ত ডিজাইন তৈরির জন্য কনসালটিং ফার্ম সিলেকশন কার্যক্রম জুলাই, ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

২০/৬/১৯